



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন, এফ-১/এ, আগারগাঁও

শের-ই-বাংলা নগর, ঢাকা

[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড অ্যাডভান্স রুলিং শাখা]



নথি নং- ০৮.০১.০০০০.০৫৪.০৩.০০২.২৬/

তারিখ: ১৫/১০/২০২৬ খ্রি।

বিষয়: Nita Company Limited কর্তৃক আমদানিকৃত CKD Motor Vehicles Brand New Tata Pickup/Cargo Van Model ACE EX2 নামীয় পণ্যের সঠিক HS Code নির্ধারণ।

সূত্র: কাস্টমস হাউস, বেনাপোল এর পত্র নং-৫ম/কাস/১২(১২৪২)বি/ই/গুপ-৬/বেনা/২০২৬/৪৭৫৮(১), তারিখ: ২৯/০৭/২০২৬ খ্রি।

আমদানিকারক Nita Company Limited, Jashore (BIN: 000090381-0901) কর্তৃক আমদানিকৃত CKD Motor Vehicles Brand New Tata Pickup/Cargo Van Model ACE EX2 ঘোষণায় পণ্য শুল্কায়নের জন্য বিল অব এন্ট্রি নং সি-৪৭৪১৬, তারিখ: ১৩/০৭/২০২৬ খ্রি. দাখিল করা হয়। বর্ণিত অবস্থায়, কাস্টমস হাউস, বেনাপোল কর্তৃক পণ্যচালানটিকে CKD অবস্থায় শুল্কায়ন করা যাবে কি না নির্ধারণের জন্য সূত্রীয় পত্র মারফত অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে গত ২৯/০৭/২০২৬ খ্রি. তারিখে শ্রেণিবিন্যাস সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:

ক্রঃ নং	বিষয়	বিবরণ
১.	বিল অব এন্ট্রি নং	সি-৪৭৪১৬, তারিখ: ১৩/০৭/২০২৬
২.	সংশ্লিষ্ট কাস্টমস হাউস	কাস্টমস হাউস, বেনাপোল
৩.	আমদানিকারকের নাম ও BIN	Nita Company Limited 000090381-0901
৪.	পণ্যের বাণিজ্যিক নাম	CKD Motor Vehicles Brand New Tata Pickup/Cargo Van Model ACE EX2
৫.	আমদানিকারক কর্তৃক ঘোষিত এইচএস কোড	8704.21.21
৬.	কাস্টমস হাউসের নির্ধারিত এইচএস কোড	8704.21.19

০২। পর্যালোচনা ও সিদ্ধান্ত:

আমদানিকারক প্রতিষ্ঠান Nita Company Limited কর্তৃক আমদানিকৃত CKD Motor Vehicles Brand New Tata Pickup/Cargo Van Model ACE EX2 নামীয় পণ্যটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পর্যালোচনা করা হয়। প্রসঙ্গত উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৯(৪)কাস-১/৯৩(অংশ-১) ১৬২/(১-৯), তারিখ: ০৯/০৪/১৯৯৭ খ্রি. এর মাধ্যমে প্রেরিত শিল্প মন্ত্রণালয়ে বাস, ট্রাক, মিনিবাস, মোটরকার, ট্রাক্টর, মোটর সাইকেল ইত্যাদির CKD সংজ্ঞা সংক্রান্ত ব্যাখ্যায় বাস, ট্রাক, মিনিবাস ইত্যাদির ক্ষেত্রে অন্যান্য অংশের সাথে ইঞ্জিন, ট্রান্সমিশন ও চেসিস এর ক্ষেত্রে নিম্নলিখিত বিষয় উল্লেখ আছে।

ইঞ্জিন : ইঞ্জিন স্টারটার ও অলটারনেটর আলাদা আলাদা অবস্থায় থাকবে।

ট্রান্সমিশন : গিয়ার বক্স ইঞ্জিন হতে আলাদা থাকবে।

চেসিস : চেসিস ফ্রেম যা লং মেম্বর ও ক্রস মেম্বরের সমন্বয়ে তৈরী হবে, তাহাতে অন্য কোন যন্ত্রাংশ সংযোজিত থাকবে না।

আলোচ্য পণ্যচালানটি কাস্টমস হাউজ, বেনাপোল কর্তৃক কায়িক পরীক্ষাকালে দেখে যে ইঞ্জিনের সাথে স্টারটার ও অলটারনেটর আলাদা আলাদা আমদানি হওয়ার কথা থাকলেও এক্ষেত্রে ইঞ্জিনের সাথে স্টারটার, অলটারনেটর ও গিয়ার বক্স সংযুক্ত অবস্থায় আমদানি হয়েছে। এছাড়া চেসিস এর সাথে অন্য কোনো যন্ত্রাংশ সংযোজিত থাকবে না অবস্থায় আমদানি হওয়ার কথা থাকলেও বিবেচ্য ক্ষেত্রে চেসিস এর সাথে কেবিন সংযুক্তাবস্থায় আমদানি হয়েছে। পরীক্ষণ প্রতিবেদন ও কাস্টমস হাউজ বেনাপোল কর্তৃক প্রেরিত ছবি দেখে বিষয়টি নিশ্চিত হওয়া যায়।

এমতাবস্থায় আমদানিকৃত পণ্যটির ইঞ্জিনের সাথে স্টারটার, অলটারনেটর ও গিয়ার বক্স সংযুক্ত অবস্থায় থাকায় এবং চেসিসের সাথে কেবিন সংযুক্ত থাকায় জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ অনুযায়ী পণ্যটি CKD হওয়ার সুযোগ নেই।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, জাতীয় রাজস্ব বোর্ডের পত্র, শিল্প মন্ত্রণালয়ের সংজ্ঞা অনুযায়ী আমদানিকৃত পণ্যটি CKD হিসেবে H.S Code 8704.21.21 এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে না। Vehicles Brand New Tata Pickup/Cargo Van Model ACE EX2 নামীয় পণ্যটি H.S. Code 8704.21.19 এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বাক্ষরিত
রেজাউল করিম
দ্বিতীয় সচিব (অতিরিক্ত দায়িত্ব)
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।


কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, বেনাপোল।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৪.০৩.০০২.২৬/৬৭

তারিখ: ১৫/১০/২০২৬ খ্রি।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও/ ভোমরা/ আইসিডি (চট্টগ্রাম)।
- ২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/(আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৫। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৬। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। প্রথম সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৯। Proprietor, Nita Company Limited, Jashore
- ১০। অফিস কপি/ গার্ড ফাইল।



রেজাউল করিম

দ্বিতীয় সচিব (অতিরিক্ত দায়িত্ব)
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং